# উপজেলা পরিষদ

## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

**ডিসেম্বর, ২০২১ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মো: গোলাম রব্বানী সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ । |
| তারিখ | ঃ | ০৯ ডিসেম্বর ২০২১। |
| সময় | ঃ | সকাল ১১:০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো ।

সভাপতি মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয় ।

আলোচ্য বিষয়-১

উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমন দাস সভায় উপ
স্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান ও সকল সদস্য এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়-২ (বিভাগীয় কার্যাবলী** আলোচনা **:**

উপজেলা প্রকৌশল বিভাগ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশলী বিভাগ | (ক) উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>(খ) সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবন ২টি বিগত ১৯৮৫ সালে নির্মিত হয়েছে। উক্ত ভবন ২টি অনেক পুরাতন হওয়ায় বর্তমানে বসবাসের অযোগ্য হয়ে পড়েছে। এমতাবস্থায়, ভবন ২টি (Condemn) ঘোষণা করে নতুন ভবন নির্মাণের ব্যবস্থা নেয়া যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।<br>(গ) সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্সের পশ্চিম দিকের অর্ধেক অংশে সীমানা প্রাচীর ও গেট না থাকায় উপজেলা কমপ্লেক্সের নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। উক্ত অংশের সীমানা প্রাচীর ও গেট নির্মাণ করা প্রয়োজন। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>(ঘ) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপসচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার স্মারক নং-৪৬.০০. ০০০০. ০৪৫.২০.০০২.২১, তারিখ : ০৫/১২/২০২১ মূলে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য ১৫,০০,০০০/- (পনর লক্ষ) টাকা মাত্র বরাদ্দ প্রদান করা হয়েছে। যা দরপত্র আহবান করে বাস্তবায়ন করা হবে। কিন্তু বরাদ্দপত্রে দরপত্র আহবান পদ্ধতি উল্লেখ না থাকায় OTM তে দরপত্র আহবান করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | (খ) ভবন ২টি নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে প্রাক্কলন প্রণয়ন করে জেলা কনডেমনেশন কমিটির মাধ্যমে অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। ভবন ২টির নিলাম মূল্য নির্ধারণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>(গ) উক্ত অংশের সীমানা প্রাচীর ও গেট নির্মাণ কাজের প্রাক্কলন প্রস্তুত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) আলোচনান্তে OTM পদ্ধতিতে দরপত্র আহবান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, ফুলবাড়ী।<br>উপজেলা প্রকৌশলী এলজিইডি, ফুলবাড়ী।<br>উপজেলা প্রকৌশলী এলজিইডি, ফুলবাড়ী। |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পরিষদ | (ক) সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদ চত্বর ও উপজেলা পরিষদের আবাসিক এলাকাসহ অন্যান্য স্থানের স্তূপকৃত ময়লা পরিস্কার করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ঙ) এ উপজেলা রাজস্ব তহবিল হতে বর্জ ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্ন খাতে ২০২১-২০২২ অর্থবছরে বরাদ্দকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা দ্বারা নিম্নোক্ত প্রকল্প কমিটির মাধ্যমে উপজেলা পরিষদ পরিস্কার পরিচ্ছন্ন করার জন্য বিস্তারিত আলোচনা হয়।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি:<br>১। মোছা: জান্নাতি বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান- সভাপতি<br>২। মো: রফিকুল ইসলাম, সমাজসেবক- সদস্য-সিচব<br>৩। হাফেজ মো: আব্দুল বাতেন, ঈমাস- সদস্য<br>৪। বীর মুক্তিযোদ্ধা মো: মজিবর রহমান সা:ক:)- সদস্য<br>৫। মো: মিজানুর রহমান, শিক্ষক- সদস্য | (ক) ২০২১-২০২২ অর্থবছরে বরাদ্দকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা দ্বারা নিম্নোক্ত প্রকল্প কমিটির মাধ্যমে উপজেলা পরিষদ পরিস্কার পরিচ্ছন্ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি:<br>১।মোছা:জান্নাতি বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান- সভাপতি<br>২। মো: রফিকুল ইসলাম, সমাজসেবক- সদস্য-সচিব<br>৩। হাফেজ মো: আব্দুল বাতেন, ঈমাম- সদস্য<br>৪। বীর মুক্তিযোদ্ধা মো: মজিবর রহমান সা:ক:)- সদস্য<br>৫। মো:মিজানুর রহমান, শিক্ষক- সদস্য | ১।চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |
| | (খ) উপজেলা পরিষদের আসবাবপত্রসমূহ মেরামত করা আশু প্রয়োজন হওয়ায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ছ) আসবাবপত্র মেরামত খাতে বরাদ্দকৃত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা দ্বার নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে মেরামত করা যেতে পারে।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি:<br>১। মোছা: জান্নাতি বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান- সভাপতি<br>২। মো: জোবেদ আলী, সমাজসেবক- সদস্য-সচিব<br>৩। হাফেজ মো: আব্দুল বাতেন, ঈমাস- সদস্য<br>৪। বীর মুক্তিযোদ্ধা মো: মজিবর রহমান সা:ক:)- সদস্য<br>৫। মো: মিজানুর রহমান, শিক্ষক- সদস্য | (খ) ২০২১-২০২২ অর্থবছরে আসবাবপত্র মেরামত খাতে বরাদ্দকৃত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা দ্বারা নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে উপজেলা পরিষদের আসবাবপত্রসমূহ মেরামত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি:<br>১।মোছা: জান্নাতি বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান-সভাপতি<br>২। মো: জোবেদ আলী, সমাজসেবক- সদস্য-সচিব<br>৩। হাফেজ মো: আব্দুল বাতেন, ঈমাস- সদস্য<br>৪। বীর মুক্তিযোদ্ধা মো: মজিবর রহমান সা:ক:)- সদস্য<br>৫। মো: মিজানুর রহমান, শিক্ষক- সদস্য | |
| | (গ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(খ) অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী মহান বিজয় দিবস, ২০২১ উদযাপনের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা উত্তোলনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (গ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(খ) অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী মহান বিজয় দিবস, ২০২১ উদযাপনের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা উত্তোলনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |
| | (ঘ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ণ) অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদের পাজেরো জীপ মেরামতের জন্য ৭০,৫০০/- (সত্তর হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ঘ)উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ণ) অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদের পাজেরো জীপ মেরামতের জন্য ৭০,৫০০/- (সত্তর হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগ কর্তৃক বাস্তবায়িত নভেম্বর ২০২১ মাসের কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক ১) গবাদি পশুর চিকিৎসা প্রদান করা হয়েছে ২১৮৮, ২) হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে ১১১২৫, ৩) পোষা প্রাণির চিকিৎসা প্রদান ০১।<br>৪) গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে ৭০২২টি, ৫) হাঁস-মুরগির টিকা প্রদান করা হয়েছে- ৩০,০০০টি, ৬) গবাদি পশুর কৃত্রিম প্রজনন করা হয়েছে ২৫৫টি এবং ৭) সংকর জাতের বাচ্চা উৎপাদন করা হয়েছে ১০৫টি, ৮) গবাদি পশু-পাখির ডিজিস সার্ভিলেন্স ০২, ৯) ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প স্থাপন-০২, ১০) উঠান বৈঠক আয়োজন সংখ্যা ০৪, ১১) উঠান বৈঠকে অংশগ্রহণকারীর সংখ্যা -৫২, ১২) গবাদি পশুর খামার রেজিস্ট্রেশন-০১টি, ১৩) পোল্ট্রি খামা রেজিস্ট্রশন-০২টি। তাছাড়া ০৫টি প্রকল্পের বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশু, হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ টিকা প্রদান এবং যথাসময়ে চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন ও সংকরজাতের বাচ্চা উৎপাদন কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। ফুলবাড়ী হাসপাতালে আউটডোর ও ইনডোরে চিকিৎসা সেবা স্বাভাবিক ভাবে চলছে। ২০২১ সালের এসএসসি, এসএসসি (ভোক:) এবং দাখিল পরীক্ষা কেন্দ্রে যথাযথভাবে স্বাস্থ্য সেবাদান করা হয়েছে এবং এইচএসসি, এইচএসসি (বিএম) ও আলিম পরীক্ষা কেন্দ্রে চিকিৎসা সেবাদান চলমান। করোনা ভাইরাসের টিকা নিয়মিতভাবে দেয়া হচ্ছে। তিনি স্কুল, কলেজ ও মাদ্রাসায় হ্যান্ড স্যানিটাইজার ও সাবান ব্যবহার বৃদ্ধি করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | সভায় আলোচনান্তে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান বৃদ্ধি করতে হবে। করোনা ভাইরাসের টিকা প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।<br>১) রোপা আমন ধান কর্তন সম্পন্ন হয়েছে। রোপা আমন ধানের গড় ফলন ৪.৮ মে: টন/হেক্টর। আবহাওয়া অনুকূলে থাকায় এবং রোগ বালাইয়ের প্রার্দুভাব কম থাকায় আমন ধানের ফলন সন্তোষজনক হয়েছে। | কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম সমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তা গণের মাঠ পর্যায়ের কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকরণের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা | অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, মাদকের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রয়েছে। করোনা ভাইরাসের প্রকোপ যাতে বাড়তে না পারে সে বিষয়ে প্রচেষ্টা অব্যাহত রয়েছে। তিনি মাদকদ্রব্য পাচার ও সেবনের বিরুদ্ধে<br>অভিযান পরিচালনাকালে জনসাধারণকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি অপরাধীকে সনাক্ত করার স্বার্থে প্রতিটি ইউনিয়নে স্থাপিত সিসি ক্যামেরাসমূহ সচল রাখার জন্য ইউপি চেয়ারম্যান/সচিবগণকে অনুরোধ জানান। | করোনা পরিস্থিতি মোকাবেলাসহ মাদকদ্রব্য পাচার ও সেবনের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রাখার পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। ইউনিয়নে স্থাপিত সিসি ক্যামেরাসমূহ সচল রাখতে হবে। | ১) অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা।<br>২।ইউপি চেয়ারম্যান/ সচিব (সকল)। |

<table>
<tr>
<td>উপজেলা প: প: বিভাগ</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক গত অক্টোবর মাসে তাঁর বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করা হয়।
<table>
<tr><td rowspan="2">পদ্ধতির নাম</td><td colspan="2">গ্রহণকারী</td><td rowspan="2">প্রজেকশন</td><td rowspan="2">বিতরণ ও সম্পাদন</td></tr>
<tr><td>সংখ্যা</td><td>হার</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>১৬১০৯</td><td>৩৮.১৯%</td><td>৩৯%</td><td>১৩৪২৫(চক্র)</td></tr>
<tr><td>কনডম</td><td>১০৮৯</td><td>২.৫৬%</td><td>৭%</td><td>৬০৮০পিস</td></tr>
<tr><td>ইনজেকটেবলস</td><td>৯৪২৫</td><td>২২.২৩%</td><td>১৯%</td><td>২৭৫২ ভায়াল</td></tr>
<tr><td>অস্থায়ী মোট</td><td>২৬৭০৪</td><td>৬৩%</td><td>৬৫%</td><td>-</td></tr>
<tr><td>আইইউডি</td><td>৭৯৮</td><td>১.৮৮%</td><td>৪%</td><td>৬৮ (পিস )</td></tr>
<tr><td>ইমপ্লান্ট</td><td>১৬৪৬</td><td>৩.৮৮%</td><td>৪%</td><td>৫০ (পিস)</td></tr>
<tr><td>পুরুষ স্থায়ী</td><td>১৯৩১</td><td>৪.৫৫%</td><td>৫%</td><td>০৪ জন</td></tr>
<tr><td>মহিলা স্থায়ী</td><td>২৯৪৩</td><td>৬.৯৪%</td><td>৭%</td><td>০৭ জন</td></tr>
<tr><td>স্থায়ী ও দীর্ঘ মেয়াদী</td><td>৭৩১৮</td><td>১৭.২৬%</td><td>২০%</td><td></td></tr>
<tr><td>সর্বমোট:</td><td>৩৪০২২</td><td>৮০.২৭%</td><td>৮৫%</td><td></td></tr>
<tr><td>মোট সক্ষম দম্পতি</td><td>৪২৩৮৪</td><td></td><td></td><td></td></tr>
</table>
</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম আরো জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা প: প: কর্মকর্তা, ফুলবাড়ী</td>
</tr>
<tr>
<td>প্রাথমিক শিক্ষা বিভাগ</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরো জানান,<br>১) মহান বিজয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষে যাবতীয় কার্যক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হযেছে।<br>২) উপজেলা শিক্ষা অফিসের মেরামত কাজ ঠিকাদার ধীর গতিতে চলমান রেখেছেন। ফলে অফিস কক্ষসমূহের মেরামত কাজ সম্পন্ন না হওয়ায় অফিসের রেকর্ডপত্র বিনষ্টসহ দাপ্তরিক কার্যাদি পরিচালনায় অসুবিধার সৃষ্টি হয়েছে।<br>৩) স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>৪) বিদ্যালয়ের বিনামূল্যের পাঠ্যপুস্তক অদ্যাবধি পাওয়া যায়নি। আগামী ১ জানুয়ারি, ২০২২ তারিখে আনুষ্ঠানিকভাবে বই বিতরণ উদ্বোধন করা হবে।<br>৫) ২০২১-২০২২ শিক্ষা বর্ষের সকল শ্রেণির শিক্ষার্থীদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক মূল্যায়ন করে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা শিক্ষা অফিসারের নিকট জমা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>৬) মেয়াদ উত্তীর্ণ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি পুনর্গঠনের কার্যক্রম চলমান</td>
<td>বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td>
</tr>
</table>

(চলমান/৫)

| | | | |
|---|---|---|---|
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে। (ক) নভেম্বর, ২০২১ পর্যন্ত আত্মকর্মসংস্থান রাজস্ব খাতে ৭৯২ জনকে ১,৫০,১৪,০০০/- টাকা বিতরণ করা হয়েছে।<br>(খ) নভেম্বর, ২০২১ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮১২৯ জনকে ১৭৫৬৫৯০০০/- টাকা বিতরণ করা হয়েছে।<br>(গ) নভেম্বর, ২০২১ পর্যন্ত উত্তরবঙ্গ প্রকল্পে ৩২৯ জনকে ১০৩৫৫০০০/- টাকা বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের হার সন্তোষজনক।<br>(৪) নভেম্বর, ২০২১ পর্যন্ত ৭৭১৯ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(৫) ঋণ আদায়ে হার আত্মকর্ম-৮৩%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৯২% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৭১%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।<br>অফিস ঘরের ছাউনি/ মেরামত করতে কি পরিমাণ অর্থ ব্যয় হবে সে বিষয়ে পরবর্তী সভায় প্রাক্কলন দাখিল করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী। |
| প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের কার্যাক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। ২০২১-২২ অর্থ বছরে প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন মুজিব শতবর্ষ উপলক্ষে দেশের ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ “ক” শ্রেণীর পরিবার পুনবার্সনের লক্ষ্যে এ উপজেলায় ৩য় পর্যায় ৫০টি গৃহ নির্মাণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দপত্রের নির্দেশনা, বাস্তবায়ন পরিপত্র ও নির্দিষ্ট প্রাক্কলণ ও ডিজাইন মোতাবেক ৫০টি গৃহের নির্মাণ কাজ চলমান আছে। শীত মৌসুম মোকাবেলায় দরিদ্র ও দুঃস্থ পরিবারের মাঝে কম্বল/শীত বস্ত্র বিতরণ করার লক্ষ্যে এ উপজেলায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর ১৭/১১/২০২১ খ্রিঃ তারিখের ৫১. ০১.০০০০.০১৬.২০.০৬৫.২১/৬৮৬ নং স্মারক পত্র মোতাবেক ২০২১-২২ অর্থ বছরে কম্বল ক্রয়ের জন্য নগদ ৯,৯২,৫০১.৭০ (নয় লক্ষ বিরানব্বই হাজার পাঁচশত এক দশমিক সাত শূন্য) টাকার উপ-বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত নগদ অর্থ দ্বারা ০২ টি “স্পট কোটেশন কমিটি” মাধ্যমে কম্বল ক্রয়ের প্রক্রিয়া চলমান আছে। কম্বল ক্রয় করা হলে জরুরী ভিত্তিতে দরিদ্র ও দুঃস্থ পরিবারের পরিবারের মাঝে বিতরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | অসমাপ্ত প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান নভেম্বর ২০২১ থেকে ৩০ জুন পর্যন্ত জাটকা নিধন প্রতিরোধ ২০২১-২০২২ কার্যক্রম চলমান রয়েছে। | মৎস্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ মৎস্যচাষের উপর মৎস্যজীবী ও জনসাধারণের প্রশিক্ষণ বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা ফুলবাড়ী। |
| মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন ভিজিডি, মাতৃত্বকাল ভাতা এবং আয়বর্ধক প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ ভিজিডি, মাতৃত্বকাল এবং আয়বর্ধক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী। |

(চলমান/৬)

| | | | |
|---|---|---|---|
| বিদ্যুৎ বিভাগ | সভায় বিদ্যুৎ খাতে বরাদ্দকৃত অর্থ সংকুলান না হওয়ায় উপজেলা পরিষদ চত্বরের রাস্তার বাতি, উপজেলা পাবলিক লাইব্রেরীসহ অন্যান্য লাইন, যা উপজেলা নির্বাহী অফিসারের নামীয় মিটারে সংযোগ দেওয়া আছে। উক্ত বৈদ্যুতিক লাইনসমূহ কর্তন করে উপজেলা পরিষদ নামীয় বৈদ্যুতিক মিটারে সংযোগ দেওয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদ চত্বরের রাস্তার বাতি, উপজেলা পাবলিক লাইব্রেরীসহ অন্যান্য লাইন, যা উপজেলা নির্বাহী অফিসারের নামীয় মিটারে সংযোগ দেওয়া আছে। উক্ত বৈদ্যুতিক লাইনসমূহ কর্তন করে উপজেলা পরিষদ নামীয় বৈদ্যুতিক মিটারে সংযোগ দেওয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, কুড়িলা পবিস, ফুলবাড়ী। |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান যে;<br>১) ২০২১-২০২২ অর্থবছরে প্রাপ্ত ০৬টি গভীর নলকূপ এর কাজ চলমান রয়েছে।<br>০২) নতুন ১৮টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ উৎসের বরাদ্দ পাওয়া গেছে। যার কাজ দ্রুত শুরু করা হবে। | সভায় গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী। |
| চেয়ারম্যান কাশীপুর ইউপি। | জনাব মোঃ গোলজার হোসেন মন্ডল, চেয়ারম্যান, কাশিপুর ইউপি সভায় জানান যে, শ্যামপুর এনতাজ চেয়ারম্যানের বাড়ির পূর্ব পার্শ্বের খালে একটি নতুন সেতু নির্মাণের জন্য দুর্যোগ ব্যবস্থানা অধিদপ্তর, ঢাকায় প্রস্তাবনা দেওয়া আছে। দ্রুত বর্ণিত স্থানে দুর্যোগ ব্যবস্থানা অধিদপ্তর, ঢাকা হতে টেন্ডার প্রক্রিয়ায় সেতুটি নির্মাণ করার সম্ভাবনা থাকায় জরুরী ভিত্তিতে বর্ণিত স্থানে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম কর্তৃক নির্মিত জরাজীর্ণ সেতুটি অপসারণপূর্বক নতুন সেতু নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রস্তাব করা হলো। | সরকারি বিধি-বিধান মোতাবেক জরাজীর্ণ সেতুটি প্রকাশ্যে নিমাল পূর্বক অপসারণ করা এবং বর্ণিত স্থানে সঠিক ডিজাইনের একটি সেতু নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| বিবিধ | উপজেলা পরিষদ অফিসের জুলাই/২০২১ হতে ডিসেম্বর/২০২১ মাসের বিদ্যুৎ বিল বাবদ ১১,৩৯৪/-(এগারো হাজার তিনশত চুরানব্বই) টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে জুলাই/২০২১ হতে ডিসেম্বর/ ২০২১ মাসের বিদ্যুৎ বিল বাবদ ১১,৩৯৪/- (এগারো হাজার তিনশত চুরানব্বই) টাকা সভায় সর্বসম্মতি ক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**ফুলবাড়ী, কুড়িগ্রাম।**
**www.phulbari.kurigram.gov.bd**

**স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২১-১০২৩(৬০)** **তারিখ :** ২৮ অগ্রহায়ণ, ১৪২৮ / ১৩ ডিসেম্বর,, ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

১। মন্ত্রি পরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিব/সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সিনিয়র সচিব/সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সিনিয়র সচিব/সচিব, ..............................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
১০। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
১১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। ভাইস-চেয়ারম্যান(পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪। উপজেলা..................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫। চেয়ারম্যান......................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬। জনাব...................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭। অফিস নথি।-

১৩/১২/২১


**( সুমন দাস )**
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০৫৮২৫-৫৬০০১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

# উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২১ ১০৮৬(৪০)

তারিখ ঃ ২০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ০৯ ডিসেম্বর ২০২১ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২১ মাসের মাসিক সভা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ০৮-১২-২০২১ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৫/১২/২১

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ
১) ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
৬) উপজেলা মৎস কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অবিদপ্তর ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম
১৯) চেয়ারম্যান,......................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২০) জনাব.........................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২১-১০৮৬(৪০) তারিখ ঃ ২০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।

২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী,কুড়িগ্রাম।

৫। অফিস নথি।

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

০৫/১২/২১

# উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : ডিসেম্বর, সভার তারিখ: ০৯/১২/২০২১, সময় : সকাল ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাই-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭৪৬৪৪৫৫ ২৫ | | |
| ৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (আমন্ত্রিত) | 01320133438 | ocfulbarithana@gmail.com | |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716410506 | Raihan2008398@gmail | |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722061195 | ue.fulbari.kur@lged.gov.bd | |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711-415267 | useofulbarikurigram@gmail.com | |
| ১৩ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01708415117 | usso.phulbari@gmail.com | |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01321362300 | mdsamsulhuda81@gmail.com | |
| ১৬ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭৬২ ৫৬৭৬ ৫৫ | ufpofullbari2@gmail.com | |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717413762 | | |
| ২০ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01710426104 | hasandpi10@gmail.com | |
| ২১ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |

উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : ডিসেম্বর,   সভার তারিখ: ০৯/১২/২০২১,   সময় : সকাল ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১৭৬৭৭১৮০ | | [signature] |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১৮-৫৬২০১৬ | | [signature] |
| ৭ | মো: মইনুল হক (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | | | [signature] |
| ৮ | মোছা: রাহিলা খাতুন, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ | | | [signature] |
| ৯ | মোছা: আছমা খাতুন, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ | | | |